গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অধ্যক্ষের কার্যালয়

# সরকারি হিজলা ডিগ্রি কলেজ

স্নাতক কলেজ কোডঃ ১১২১
ইআইআইএন নং-১০০৭৩৬
কারিগরি কলেজ কোডঃ ৪২০৬০
উমা কলেজ কোডঃ ২১২৫

স্থাপিতঃ ১৯৮৪ খ্রি.
উপজেলাঃ হিজলা, জেলাঃ বরিশাল।
E-mail: hizladcollege70@gmail.com www. hizlacollege.edu.bd Mobile- 01309100736

স্মারক নং- সহিডিক/১২০-২৫ তারিখঃ ২২/১১/২০২৫ খ্রি.

## ২০২৫-২০২৬ শিক্ষাবর্ষে অনার্স ১ম বর্ষে অনলাইনে ভর্তির প্রাথমিক আবেদন সংক্রান্ত বিজ্ঞপ্তি

সংশ্লিষ্ট সকলকে জানানো যাচ্ছে যে, ২০২৫-২০২৬ শিক্ষাবর্ষে ১ম বর্ষ অনার্স কোর্সে ভর্তি প্রাথমিক আবেদন সংক্রান্ত নিয়মাবলী নিম্নে দেয়া হলো।

**প্রাথমিক আবেদন সংক্রান্ত নিয়মাবলীঃ**

আবেদনকারীকে জাতীয় বিশ্ববিদ্যালয়ের ভর্তি বিষয়ক ওয়েবসাইটে (www.nu.ac.bd/admissions) Honours Tab-এ গিয়ে Apply Now (Honours) অপশনে ক্লিক করতে হবে এবং ওয়েবসাইটে প্রদর্শিত তথ্য ছকে মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক/সমমান পরীক্ষার রোল নম্বর, রেজিস্ট্রেশন নম্বর, শিক্ষা বোর্ড/বিশ্ববিদ্যালয়, পাসের সন, একটি নিবন্ধিত মোবাইল নম্বর (নিজের অথবা অভিভাবকের), Male/Female, কলেজ ও বিষয় পছন্দক্রম নির্ধারণ, সঠিক তথ্য ও ছবিসহ ছক পূরণ করে প্রথমে ফরমটি Submit Application অপশনে ক্লিক করতে হবে। এ পর্যায়ে আবেদনকারীর রোল নম্বর ও পিন কোড প্রদর্শিত হবে এবং আবেদনকারীকে ফরমটি ডাউনলোড করে প্রিন্ট/pdf কপি সংগ্রহ করতে হবে। আবেদনকারীকে প্রিন্ট করা প্রাথমিক আবেদন ফরমের নির্ধারিত স্থানে তারিখসহ স্বাক্ষর করতে হবে। আবেদনকারী কর্তৃক স্বাক্ষরিত এই আবেদন ফরম ও প্রাথমিক আবেদন ফি বাবদ ১০০০/- (একহাজার) টাকা কলেজে (নিম্নে উল্লেখিত রকেট এর মাধ্যমে) যথাসময়ে জমা দিতে হবে। কলেজ যে সকল আবেদনকারীর প্রাথমিক আবেদন ফরম অনলাইনে নিশ্চয়ন করবে, সে সকল আবেদনকারীকে SMS এর মাধ্যমে তা জানিয়ে দেয়া হবে। কলেজে আবেদন পত্র ও নির্ধারিত আবেদন ফি জমা দেয়ার পরে আবেদনকারী তার মোবাইল ফোনে SMS না পেলে আবেদনকারীকে কলেজে নির্ধারিত সময়ের মধ্যে যোগাযোগ করতে হবে। কলেজে প্রাথমিক আবেদন কপি জমা ব্যতীত কোন আবেদনকারীর ভর্তি পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবেনা।

**কলেজ কর্তৃক প্রাথমিক আবেদন নিশ্চয়নকৃত শিক্ষার্থীদের ভর্তি পরীক্ষার নির্ধারিত তারিখের সাত দিন পূর্বে ভর্তি বিষয়ক ওয়েবসাইট Applicant Login অপশন থেকে ভর্তি পরীক্ষার প্রবেশপত্র ডাউনলোড করে প্রিন্ট নিতে হবে। উল্লেখ্য যে, শিক্ষার্থীদের প্রবেশপত্র ভর্তি পরীক্ষার রোল নম্বর ও পরীক্ষা কেন্দ্রের নাম উল্লেখ থাকবে এবং শিক্ষার্থীকে উক্ত কেন্দ্রে উপস্থিত থেকে ভর্তি পরীক্ষায় অংশগ্রহণ করতে হবে।**

**১. অনলাইনে প্রাথমিক আবেদনের তারিখঃ ২৩/১১/২০২৫ হতে ৩১/১২/২০২৫ পর্যন্ত (সরকারি ছুটির দিন বাদে)**
**২. প্রাথমিক আবেদনের কপি জমা দেয়ার শেষ তারিখঃ ২৪/১১/২০২৫ হতে ০৪/০১/২০২৬ পর্যন্ত (সরকারি ছুটির দিন বাদে)**
**৩. বিষয় সমূহঃ ১. রাষ্ট্রবিজ্ঞান ২. হিসাববিজ্ঞান ৩. ইংরেজি ৪. ইসলামের ইতিহাস ও সংস্কৃতি**

**অনলাইনে প্রাথমিক আবেদনের টাকার পরিমান**

| বিএ/বিএসএস/বিবিএ সকল বিষয় | রকেটে পেমেন্ট |
|---|---|
| ১. রাষ্ট্রবিজ্ঞান ২. হিসাববিজ্ঞান ৩. ইংরেজি ৪. ইসলামের ইতিহাস ও সংস্কৃতি | ১০০০ |

**টাকা জমা দেয়ার নিয়ম**

**১। ডাচ্ বাংলা মোবাইল ব্যাংকি Rocket Apps এর মাধ্যমে ফি প্রদানের নিয়মাবলী।**

ক) মানবিক/ব্যবসায় শিক্ষা/বিজ্ঞান শাখার শিক্ষার্থীদের Rocket Biller ID-**5416** এর মাধ্যমে ফি পরিশোধ করতে হবে। এক্ষেত্রে, সকল বিভাগের শিক্ষার্থীদের Student ID এর জায়গায় **Application ID** ও মোবাইল নম্বর লিখে ফি পরিশোধ করতে হবে।

- **প্রাথমিক আবেদনের কপি ও পেমেন্ট স্লিপ সংযুক্ত করে কলেজে জমা দিতে হবে। অন্যথায় আবেদন বর্তিল বলে গণ্য হবে।**

বিঃদ্রঃ সকল শিক্ষার্থীদের বেতন, সেশন চার্জসহ নির্ধারিত ফি ডাচ্ বাংলা মোবাইল ব্যাংকিং Rocket এর মাধ্যমে জমা দেয়ার চার্জ বাবদ ১৩ টাকা অতিরিক্ত থাকতে হবে। Rocket Biller ID: 5416 ব্যতীত পেমেন্ট করা যাবে না।

২২/১১/২৫

মোঃ আমিনুর রহমান
অধ্যক্ষ (ভারপ্রাপ্ত)
সরকারি হিজলা ডিগ্রি কলেজ
হিজলা, বরিশাল।